শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.doe.gov.bd

মুজিব বর্ষ 100

পত্র সংখ্যা: পরিবেশ/ওডিএস (লাইসেন্স)/৯১৫(২৯তম খন্ড)/২০০৫/৩৮ তারিখ:১৬এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের ২০২৩ সালের আমদানি লাইসেন্স প্রদান সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ কাজী আবু তাহের, অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
স্থান ঃ সভাকক্ষ (কক্ষ নং-৬০৫), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
তারিখ ও সময় ঃ ০৫ এপ্রিল, ২০২৩; সকাল ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত কমিটির সদস্য/কর্মকর্তাদের তালিকা ঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক) মির্জা শওকত আলী, পরিচালক (জলঃ পরিঃ ও আন্তঃ কনঃ), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
খ) সৈয়দ নজমুল আহসান, পরিচালক (ঢাকা অঞ্চল), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
গ) জনাব মোঃ জিয়াউল হক, পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
ঘ) ড. মোহাম্মদ আব্দুল মোতালিব, উপ-পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা), পরিবেশ অধিদপ্তর, ঢাকা এবং কমিটির সদস্য সচিব।
ঙ) ড. সত্যেন্দ্র কুমার পুরকায়স্থ, প্রজেক্ট কোঅর্ডিনেটর, ওজোন সেল, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

০২। পটভূমি ঃ

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য আমদানি লাইসেন্স প্রদান সংক্রান্ত কমিটির সদস্য-সচিবকে সভার পটভূমি ও আলোচ্যসূচিসমূহ উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সভাপতির অনুরোধের প্রেক্ষিতে সদস্য সচিব সভার শুরুতেই জানান যে, ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের কোটা বরাদ্দ কমিটির অন্যতম সদস্য সৈয়দ নজমুল আহসান, সম্প্রতি ঢাকা অঞ্চলের পরিচালক হিসেবে যোগদান করায়, কমিটির গঠন অনুসারে তিনি আর এ কমিটির সদস্য নন। সেক্ষেত্রে তাঁর এ বিষয়ে অভিজ্ঞতা ও দক্ষতার বিবেচনায় তাকে উক্ত কমিটির সদস্য হিসাবে কো-অপ্ট করার প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবে কমিটির অন্যান্য সদস্যগণ একমত পোষণ করেন।

অতঃপর সদস্য সচিব জানান যে, মন্ট্রিল প্রটোকল ও "ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৪" অনুসারে ২০২৩ সালে বাংলাদেশের কোটা ৩০.৫০ ওডিপি টন। উল্লেখ্য ২০২২ সালে কোটা ছিল ৪৭.২২ ওডিপি টন। ২০২৩ সালের ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য আমদানি লাইসেন্সের কোটা বরাদ্দের জন্য মোট ৬৪টি আবেদন যাচাইবাছাইয়ের জন্য তালিকাভূক্ত করা হয়েছে। তন্মধ্যে ৬৩টি R-22 এবং ০১টি R-123 রিফ্রিজারেন্ট আমদানির আবেদন। এছাড়া আরও ১৭টি নতুন আবেদন পাওয়া গিয়েছে (তালিকা সংযুক্ত)। সংক্রান্ত নীতিমালা অনুসারে নতুন আবেদনের অনুকূলে লাইসেন্স বরাদ্দ প্রদানের সুযোগ নেই বিধায় বর্ণিত ১৭টি নতুন আবেদন কার্যপত্রের তালিকাভুক্ত করা হয়নি।

০৩। আলোচনা ঃ

ক) সভায় সদস্য সচিব জানান যে, ওডিএস এর কোটা হ্রাস পাওয়ায় এবং ৩১ ডিসেম্বরের মধ্যে লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানের বরাদ্দকৃত পণ্য দেশে আমদানি নিশ্চিত করার স্বার্থে গত ২৪/১০/২০২২ তারিখের কমিটির সভার গৃহীত সভার সিদ্ধান্ত মোতাবেক এ বছর ১ কিস্তিতে সকল কোটা বরাদ্দ প্রদান করা হবে। এ পর্যায়ে কমিটির সদস্যগণ প্রথমে ১৭টি নতুন আবেদন নিয়ে আলোচনায় অংশ নেন এবং নীতিমালায় নতুন আবেদনকারীদের লাইসেন্স বরাদ্দের সুযোগ নেই বিধায় উক্ত ১৭টি নতুন আবেদন কার্যতালিকার বাহিরে রাখার বিষয়ে সকলে একমত পোষণ করেন। এছাড়া যাচাই-বাচাইয়ের জন্য তালিকাভূক্ত ৬৪টি আবেদনের মধ্যে একজন আবেদকারী তার একই নামে থাকা ২টি প্রতিষ্ঠানের নামে আবেদন করেছেন বিধায় এ বিষয়টি নিয়ে আলোচনা হয়। নীতিমালা অনুযায়ী একই নামে ২টি আবেদন বিবেচনা করার সুযোগ নেই বিধায় একই নামে ২টি আবেদনের ১টি মাত্র আবেদন বিবেচনা করার বিষয়ে সকলে একমত পোষন করেন।

খ) এ পর্যায়ে ড. সত্যেন্দ্র কুমার পুরকায়স্থ, প্রজেক্ট কোঅর্ডিনেটর, ওডিএস প্রকল্প সভার অবগতির জন্য জানান যে, মেসার্স প্যারাডাইস-এর নামে একটি প্রতিষ্ঠানকে বিগত ০৯/১২/২০২১ তারিখে ৭.৭৫২ মে. টন R-22 রিফ্রিজারেন্ট বরাদ্দ দেয়া হয়। কিন্তু চট্টগ্রাম বিএল ডিপোতে অগ্নিকান্ড, চায়নাতে নতুনভাবে কোভিড-১৯ আক্রান্তের হার বৃদ্ধি পাওয়া, সংশ্লিষ্ট বন্দরসমূহ লকডাউনে থাকা এবং লক ডাউন শিথিল হওয়ার পর চট্টগ্রাম বন্দর এর শিপিং এজেন্টসমূহের মধ্যে মালামাল আমদানির নিয়ম নীতি নিয়ে একমত না হতে পারায় নির্ধারিত সময়ে পণ্য আমদানি সম্ভব হয় নাই। ইতোমধ্যে বর্ধিত মেয়াদ অতিক্রান্ত হওয়ায় প্রস্তুতকৃত মালামাল চায়নার বন্দরে পড়ে থাকে। এলসি করার কারণে আমদানিকারকের এলসি মানিও আটকা পড়ে আছে। বিষয়টি তিনি বিগত ৫ জানুয়ারি ২০২৩ তারিখে পরিবেশ অধিদপ্তরে আবেদনের মাধ্যমে অবহিত করেছেন এবং লাইসেন্সের মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন করেছেন। এ বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে প্যারাডাইস এর কোনো গাফিলতি ছিলনা এবং প্রতিষ্ঠানটি আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে। এসকল বিষয় বিবেচনায় বন্দরে পড়ে থাকা মালামাল দেশে আনার জন্য প্যারাডাইস-এর নামে ২০২৩ সালের বরাদ্দের অতিরিক্ত আরও ৭.৭৫২ মে. টন R-22 রিফ্রিজারেন্ট বরাদ্দের বিষয়ে সকলে একমত পোষণ করেন।

গ) অতঃপর কমিটির সদস্যবৃন্দ তালিকাভুক্ত ৬২টি R-22 আবেদন পত্র যাচাই-বাছাই করেন এবং যাচাই-বাছাইয়ে ৬২টি আবদেন নীতিমালার শর্তপূরণ করায় তাদের প্রত্যেকের নামে সমহারে ৭.৭৫২ মেঃ টন করে মোট ৪৮০.৬২৪ মে. টন R-22 গ্যাস বরাদ্দের বিষয়ে একমত পোষন করেন। উল্লেখ্য, এসি উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ ২০২২ সালের মধ্যে এসি উৎপাদনে এইচপিএমপি প্রকল্পের মাধ্যমে R-22 রেফ্রিজারেন্ট এর বিকল্প প্রযুক্তিতে রূপান্তর করবে বিধায় ২০২৩ সাল হতে উৎপাদনের ক্ষেত্রে R-22 ব্যবহারের প্রয়োজন নেই। এক্ষেত্রে যারা উৎপাদন ও সার্ভিসিং উভয়ের জন্য আবেদন করেছে তাদের একমাত্র সাভিসিং কাজের জন্য R-22 বরাদ্দ প্রদানের জন্য বিবেচনা করা হয়েছে। এছাড়াও R-123 রিফ্রিজারেন্ট আমদানির জন্য একমাত্র আবেদনকারীর চাহিদা অনুযায়ী ১.০০ মে. টন R-123 রিফ্রিজারেন্ট বরাদ্দ প্রদানের বিষয়ে সদস্যগণ একমত পোষন করেন। অবশিষ্ট ৬২.২৫৬ মে. টন ওডিএস সার্ভিস সেক্টরে আবেদনকৃত ১০জন আমদানিকারকের মধ্যে সমহারে ৬.২৫৬ মে. টন হিসাবে বরাদ্দ প্রদানের বিষয়ে সকলে একমত পোষণ করেন।

০৪। এ পর্যায়ে সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সুপারিশ গৃহীত হয় ঃ

ক) R-22 রিফ্রিজারেন্টের জন্য আবেদনকৃত সকল Eligible সার্ভিসিং ও বাণিজ্যিক আমদানিকারকের অনুকূলে ৭.৭৫২ মে. টন হারে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

খ) সার্ভিস খাতের গুরুত্ব বিবেচনায় অতিরিক্ত ৬২.২৫৬ মে. টন ১০ জন সার্ভিসিং সেক্টরের আবেদনকারীকে প্রত্যেককে ৬.২৫৬ মে. টন হিসেবে সমহারে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

গ) R-123 রিফ্রিজারেন্ট আমদানি করতে ইচ্ছুক Syed Gas & Chemicals Ltd. নামক আমদানিকারককে তার চাহিদা অনুযায়ী ১.০০ মে. টন বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হয়;

ঘ) চীনের বন্দরসমূহ লকডাউনে থাকা এবং লক ডাউন শিথিল হওয়ার পর চট্টগ্রাম বন্দর এব শিপিং এজেন্টসমূহের মধ্যে মালামাল খালাসের জটিলতা সৃষ্টি হওয়ায় মেসার্স প্যারাডাইসকে ২০২৩ সালে প্রাপ্ত তার বরাদ্দের অতিরিক্ত ৭.৭৫২ মে. টন ২০২৩ সালের কোটা হতে বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হয়;

ঙ) প্রদত্ত বরাদ্দের পর অবশিষ্ট ০.১৮৭ ওডিপি টন অতি জরুরী কোন ওডিএস চাহিদা মেটানোর জন্য জন্য সংরক্ষণ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়;

চ) বরাদ্দকৃত কোটা আমদানির লাইসেন্সের মেয়াদ আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়;

ছ) এতদ্‌সঙ্গে সংযুক্ত মূল্যায়ন ছকটি এ কার্যবিবরনীর অংশ হিসেবে গণ্য হবে;

জ) অতঃপর সভায় ২০২৩ সালের লাইসেন্স প্রদানের জন্য অনুমোদিত নীতিমালার ভিত্তিতে নিম্নে উল্লিখিত প্রতিষ্ঠানের অনুকূলে তাদের নামের পাশে বর্ণিত পরিমানে ওডিএস বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রম | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কমিটি কর্তৃক ২০২৩ সালের জন্য সুপারিকৃত R-22 (মে. টন) | কমিটি কর্তৃক ২০২৩ সালের জন্য সুপারিকৃত ওডিপি টন |
|---|---|---|---|
| | সার্ভিসিং প্রতিষ্ঠান | | |
| ১. | AC Bazar Industries Limited<br>South Fedainagar, Baraiyadhala, Sitakunda, Chattogram | ১৪.০০৮ | ০.৭৭০৪৪ |
| ২. | Supreme Air-Conditioning Company<br>721/C, Shantinekaton Road, Uttarkhan, Dhaka-1230 | ১৪.০০৮ | ০.৭৭০৪৪ |
| ৩. | Elite Hitech Industries Ltd.<br>Plot-6613, Korpai, Burichong, Cumilla | ১৪.০০৮ | ০.৭৭০৪৪ |
| ৪. | Jamuna Electronics & Automobiles Ltd.<br>Sinabah, Kaliakoir, Gazipur | ১৪.০০৮ | ০.৭৭০৪৪ |
| ৫. | City Enterprise<br>House-571, Road-8, Baitul Aman Housing Society, Adabor, Dhaka | ১৪.০০৮ | ০.৭৭০৪৪ |
| ৬. | Cooling Point Marketing Company<br>14/Ka, PC Culture Bhaban, Room No-1/A (2nd Floor), Shamoli, Adabor, Dhaka | ১৪.০০৮ | ০.৭৭০৪৪ |
| ৭. | Paris Engineering<br>79 Green Road, Green View Super Market, Shop No-7, Dhaka-1215 | ১৪.০০৮ | ০.৭৭০৪৪ |
| ৮. | Al-Amin Refrigeration & Engineering Works<br>House-27 Miabari, Block-Gha, Shajadpur, Gulshan, Dhaka-1212 | ১৪.০০৮ | ০.৭৭০৪৪ |
| ৯. | Imran Enterprise Ltd.<br>South Fedainagar, Baraiyadhala, Sitakunda, Chattogram | ১৪.০০৮ | ০.৭৭০৪৪ |
| ১০. | Paradise<br>B-54, Gulshan Shopping Centre, Gulshan-1, Dhaka | ২১.৭৬ | ১.১৯৬৮ |
| | | | |

| ক্রম | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কমিটি কর্তৃক ২০২৩ সালের জন্য সুপারিকৃত R-22 (মে. টন) | কমিটি কর্তৃক ২০২৩ সালের জন্য সুপারিকৃত ওডিপি টন |
|---|---|---|---|
| | বাণিজ্যিক আমদানিকারক প্রতিষ্ঠান | | |
| ১১. | M/S Sobuj Traders<br>Ta-137/1, Bir Uttam A K Khandokar Road, Badda, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ১২. | Mojaher Traders<br>61/3, BCC Road, Wari, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ১৩. | Ruhul Amin Refrigeration<br>53/1,BCC Road, Wari, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ১৪. | N.N. Enterprise<br>205/D, Rahman Mansion,<br>Sholuk Bahar, Chattogram | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ১৫. | M.A Engineering<br>10/B, Folder Steet, Wari, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ১৬. | Whizz Air-Conditioning & Communication Systems Ltd.<br>114, Kazi Nazrul Islam Avenue,<br>Rupayan Trade Centre, Floor-15,<br>Suite-07, Banglamotor, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ১৭. | S.A. Traders<br>A&A Tower, 173 Inner Circular Road, Paper City Market, Shop-28, Arambag, Motijheel, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ১৮. | H.K Trading<br>105 Islampur Road, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ১৯. | Samiya Refrigeration<br>49/3 Shah Shaheb Lane, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ২০. | JBR Trade International<br>Arkan Road, Bahardarhat, Chandgaon, Chattogram | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ২১. | Bhai Bhai Refrigeration<br>88, BCC Road, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ২২. | Naim Enterprise<br>79, Ahsan Monjil (Nawab Bari), 1st Floor, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ২৩. | Reaz Enterprise<br>35/5, Block-F, Babor Road<br>Mohammadpur, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ২৪. | Syed Gas & Chemicals Ltd.<br>82, Motijheel C/A, Dhaka-1000 | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ২৫. | Syed Industries Limited<br>82, Motijheel C/A, Dhaka-1000 | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ২৬. | Apex Trading Co.<br>72, BCC Road, Wari, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ২৭. | Jahan Business Ltd.<br>29/1/3 Toyenbe Circular Road<br>Motijheel, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ২৮. | Tulip Enterprise | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |

| ক্রম | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কমিটি কর্তৃক ২০২৩ সালের জন্য সুপারিকৃত R-22 (মে. টন) | কমিটি কর্তৃক ২০২৩ সালের জন্য সুপারিকৃত ওডিপি টন |
|---|---|---|---|
| | 45/1/A Ganoktuli Lane<br>Hajaribagh, Dhaka | | |
| ২৯. | Abid Traders<br>40 Bijoy Nagar, Alis Centre, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৩০. | Nishat Traders<br>25/1 Joykali Mondir Road, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৩১. | Frankenfood Corporation<br>Kawadi, Charsindur, Palash, Narsingdi | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৩২. | Saiful Refrigeration & Engineering Works<br>Ka-84/D, Progoti Sarani, Sajadpur, Gulshan, Dhaka-1212 | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৩৩. | Shajib Enterprise<br>56, Monihar Classic (3rd Floor), Shantinagar, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৩৪. | Shajeda & Co.<br>16, Kawran Bazar, Ambershah Sahi Masjid Market, 2nd Floor, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৩৫. | Nabils Trade Corporation<br>66 BCC Road, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৩৬. | Bismillah Refrigeration<br>2 Joykali Mondir Road, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৩৭. | Sara Corporation<br>19 Bagichartech, West Rampura, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৩৮. | Al-Hatim Refrigeration<br>309,Enayet Bazar, Jubilee Road Chowdhury Machinery Market (1st Floor), Chattogram-4000 | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৩৯. | Delco Engineering<br>58/1 Purana Paltan, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৪০. | Shamrat Trading<br>41/1/A Purana Palton<br>Dhaka-1000 | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৪১. | Titon & Company<br>Kawadi, Charsindur, Palash, Narsingdi | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৪২. | MS Refrigeration<br>52/2, BCC Road, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৪৩. | Sikder Trade International<br>Razzak Monjil, Charaicha<br>Kheyaghat Sarak, Charaicha, Barishal | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৪৪. | Talukder Trade International<br>721/C Santi Nekaton Road, Uttarkhan, Uttara, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৪৫. | Power Sonic Trade International<br>49 Motijheel C/A, 8th Floor (Suite-904), Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |

| ক্রম | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কমিটি কর্তৃক ২০২৩ সালের জন্য সুপারিকৃত R-22 (মে. টন) | কমিটি কর্তৃক ২০২৩ সালের জন্য সুপারিকৃত ওডিপি টন |
|---|---|---|---|
| ৪৬. | Sezan Enterprise<br>28, Joginagar Lane, Wari, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৪৭. | Delco International Co.<br>60/E/1 Purana Paltan, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৪৮. | Hossain Enterprise<br>175, Mollar Tak, Dakshinkhan, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৪৯. | N.S Trading Co.<br>19 Joykali Mondir Road, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৫০. | Tokyo Refrigeration<br>3/3/B Purana Paltan, Solayeman Plaza, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৫১. | Al-Ammar Enterprise<br>219-220, Nababpur Road, Gausia Plaza, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৫২. | Sanjida Refrigerations<br>7/A, Larmini Street, Wari, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৫৩. | Asian Refrigeration Works<br>105 Islampur Road, 5th Floor, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৫৪. | Saymon Refrigeration Works<br>35 Ahsanullah Road, Islampur, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৫৫. | Dewan Electric & Co.<br>Shop-9, Plot-22, Rob Super Market, Gulshan C/A, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৫৬. | Aziz Trade & Engineering Ltd.<br>58/Kha, Tajturi Bazar Chak (West Raja Bazar), Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৫৭. | Al-Hatim Trading Centre<br>309, Enayet Bazar, Jubilee Road, Chattogram | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৫৮. | Gulf International Association Ltd.<br>House-25, Road-107, Gulshan-2, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৫৯. | Asia Traders<br>123, North South Road<br>Syed Nazrul Islam Sarani, Bangsal, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৬০. | Cooltech Enterprise<br>201, Shaheed Syed Nazrul Islam Avenue, Dhaka-1000 | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৬১. | Linde Bangladesh Limited<br>285 Tejgaon I/A, Dhaka-1208 | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৬২. | Anupam Traders<br>Labarna Plaza<br>64, BCC Road, Wari, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| | মোট | ৫৫০.৯৩৬ | ৩০.৩০১ |
| | **অন্যান্য গ্যাস (আর-১২৩)** | | |
| ৬৩. | Syed Gas & Chemicals Ltd.<br>82, Motijheel C/A, Dhaka-1000 | ১.০০ | ০.০১১ |
| | সর্বমোট | ৫৫১.৯৩৬ | ৩০.৩১২ |

ঝ) জনাব সৈয়দ নজমুল আহসান, পরিচালক (ঢাকা অঞ্চল), পরিবেশ অধিদপ্তর-কে কমিটির সদস্য হিসাবে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়;

০৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২/০৮/২০২৬
(ড. মোহাম্মদ আব্দুল মোতালিব)
উপপরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা)
ও
সদস্য-সচিব

১২/৮/২৬
(সৈয়দ নজমুল আহসান)
পরিচালক (ঢাকা অঞ্চল)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য

১২.০৮.২৬
(মির্জা শওকত আলী)
পরিচালক (জলঃ পরিঃ ও আন্তঃ কনঃ)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
ও
সদস্য

১২/০৮/২০২৬
(মোঃ জিয়াউল হক)
পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য

১২/০৮/২০২৬
(কাজী আবু তাহের)
অতিরিক্ত মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর, ঢাকা
ও
আহবায়ক